তারিখ 17 MAR 1990
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

দৈনিক ইত্তেফাক

# প্রায় একশত ছাত্রীর এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ অনিশ্চিত

টাঙ্গাইল সংবাদদাতা জানান, শিক্ষা বোর্ড হইতে টাঙ্গাইলের বাসাইল পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ের এবারের এস এস সি পরীক্ষার্থীদের রেজিষ্ট্রেশন কার্ড স্কুলে না পাঠানোর কারণে প্রায়

(৫ম পৃঃ দ্রঃ)

## প্রায় একশত ছাত্রীর

(৩য় পৃঃ পর)

একশত ছাত্রীর পরীক্ষায় অংশগ্রহণ অনিশ্চিত হইয়া পড়িয়াছে। রেজিষ্ট্রশন কার্ড না পাওয়ায় ইতিপূর্বে ছাত্রীরা পরীক্ষার ফরম পূরণ করার সময় রেজিষ্ট্রেশন নম্বর উল্লেখ করিতে পারে নাই। এ অবস্থায় তাহাদের পরীক্ষার প্রবেশপত্র (এ্যাডমিট কার্ড) দেওয়া হইবে না বলিয়া বোর্ড কর্তৃপক্ষ সম্প্রতি স্কুল কর্তৃপক্ষকে জানাইয়াছেন।

এ ব্যাপারে স্কুল কর্তৃপক্ষের সহিত যোগাযোগ করা হইলে জানানো হয়, স্কুলের অর্থ আত্মসাৎসহ বিভিন্ন অনিয়মের কারণে প্রায় দেড় বৎসর পূর্বে স্কুলের প্রধান শিক্ষিকাকে বরখাস্ত করা হয় এবং সহকারী প্রধান শিক্ষক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসাবে দায়িত্ব পালন করিয়া আসিতেছেন। কিন্তু এবার বোর্ড কর্তৃপক্ষ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের নিকট ছাত্রীদের রেজিষ্ট্রেশন কার্ড প্রদান করিতে অস্বীকৃতি জানাইয়াছেন। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাসাইল উপজেলা পরিষদের চেয়ারম্যানের নিকট স্কুল গভর্নিং বডির চেয়ারম্যান, শিক্ষক ও ছাত্রীরা দাবী জানাইলেও তিনি এখনো পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করেন নাই বলিয়া তাঁহারা অভিযোগ করেন। উপজেলা চেয়ারম্যান নির্বাচনে ব্যস্ত থাকায় তাঁহার সহিত যোগাযোগের চেষ্টা করিয়াও পাওয়া যায় নাই।